ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৫৫১

আগরতলা, ৩ জুলাই, ২০২৫

**মন্ত্রিসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করেন কিশোর বর্মণ**



২১-নলছড় (এসসি) বিধানসভা কেন্দ্রের বিধায়ক কিশোর বর্মণ আজ রাজ্য মন্ত্রিসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করেছেন। রাজভবনের দরবার হলে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু তাঁকে শপথ বাক্য পাঠ করান। শপথ গ্রহণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা উপস্থিত ছিলেন। এছাড়াও পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায়, শিল্প মন্ত্রী সান্ত্বনা চাকমা, তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, সাংসদ রাজীব ভট্টাচার্য ও কৃতি সিং দেবী, বিধায়ক মীনা রাণী সরকার, বিধায়ক রামপদ জমাতিয়া, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ, সিইও ব্রিজেশ পান্ডে, মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন।

******